



বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট
ময়মনসিংহ

গণভোট ২০২৬
সংসাদ নির্বাচন
দেশের চাৰি
আপনার হাতে

স্মারক নং: ৩৩.০৪.০০০০.১০৫.৫৩.০০২.১৫-

তারিখ:

সতর্কীকরণ নোটিশ

আপনি জনাব জান্নাতুল ফেরদৌস রুমা ইনস্টিটিউটের বিগত ৩০ ডিসেম্বর ২০১৪ খ্রি. তারিখের ৩৩.০৪.০০০০.১০৫.০৩.০০১.১৪-৭৫৬৪ সংখ্যক স্মারকমূলে নিয়োগপত্রে উল্লিখিত শর্তানুসারে সদর দপ্তরে প্রচার ও জনসংযোগ কর্মকর্তা (গ্রেড-৯) পদে যোগদান করেন এবং বর্তমানে কর্মরত রয়েছেন। নিয়োগপত্রের ১০ নং শর্ত ও আপনার আবেদনের প্রেক্ষিতে আপনাকে ইনস্টিটিউটের ময়মনসিংহস্থ আবাসিক ক্যাম্পাসে বি-৭ (১) বাসাটি বরাদ্দ প্রদান করা হয়। এছাড়া আপনার আবেদনের প্রেক্ষিতে বিগত ২০২৩-২৪ অর্থবছরে আপনার নামে বরাদ্দকৃত বাসাটি রাজস্ব বাজেটে মেরামত করা হয়েছে। নিয়োগপত্রের শর্তের ব্যত্যয় ঘটিয়ে আপনি বিনা অনুমতিতে এবং বরাদ্দকৃত বাসা বুঝিয়ে না দিয়ে আবাসিক ক্যাম্পাস ত্যাগ করেন। পরবর্তীতে বরাদ্দকৃত বাসা বাতিলের জন্য আবেদন করেন। আপনার আবেদনের প্রেক্ষিতে বাসা বরাদ্দ কমিটি কর্তৃক চাহিত তথ্য দাখিল না করে বিগত ০৫ই জানুয়ারী ২০২৬ খ্রি. তারিখে বরাদ্দকৃত বাসা বাতিলের জন্য পুনরায় আবেদন করেন। আপনার দাখিলকৃত আবেদনে চাহিত তথ্য দাখিলের সিদ্ধান্তকে সংশ্লিষ্ট নয় বলে আপনি উল্লেখ করেছেন, যা দাপ্তরিক শিষ্টাচার ও শৃঙ্খলা পরিপন্থী। তাছাড়া আপনি আবেদনে ইনস্টিটিউট কীভাবে চলবে সে বিষয়ে মন্তব্য করে ধৃষ্টতা প্রদর্শন করেছেন। আপনি একটি দায়িত্বশীল পদে কর্মরত থেকে আপনার এহেন আচরণ ও ভাষা/শব্দ চয়ন চরম দায়িত্বহীনতা ও অসদাচরণের পর্যায়ে পড়ে।

বর্ণিত অবস্থায়, ভবিষ্যতে এ ধরনের দাপ্তরিক শিষ্টাচার বহির্ভূত কার্যকলাপ হতে বিরত থাকার জন্য আদিষ্টক্রমে আপনাকে কঠোরভাবে সতর্ক করা হলো এবং একইসাথে বাসা বরাদ্দ কমিটি কর্তৃক চাহিত তথ্য সঠিকভাবে দাখিলের জন্য আদিষ্টক্রমে নির্দেশনা প্রদান করা হলো।

স্বাক্ষরিত/

(ড. পারভেজ চৌধুরী)

সহকারী পরিচালক (অ.দা.)


জনাব জান্নাতুল ফেরদৌস রুমা
প্রচার ও জনসংযোগ কর্মকর্তা
বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট
সদর দপ্তর, ময়মনসিংহ

স্মারক নং: ৩৩.০৪.০০০০.১০৫.৫৩.০০২.১৫-৪১৫

তারিখ: ২৬-০১-২০২৬ খ্রি.

জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (চ.দা.), বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, স্বাদুপানি কেন্দ্র, ময়মনসিংহ।
- ২। সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। উপ-পরিচালক ও সদস্য সচিব, বাসা বরাদ্দ কমিটি, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, স্বাদুপানি কেন্দ্র, ময়মনসিংহ।
- ৪। বৈজ্ঞানিক কর্মকর্তা (মহাপরিচালকের স্টাফ অফিসার), বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। সংশ্লিষ্ট নথি/মাষ্টার নথি।


২৬/০১/২৬
সহকারী পরিচালক (অ.দা.)